ঝালকাঠিতে ব্যবসায়ীকে কুপিয়ে নৃশংস হত্যা

written by Chandradip News24 | January 7, 2025

ঝালকাঠি জেলার সদর উপজেলায় সুদেব হালদার (২৮) নামে এক ব্যবসায়ীকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার (৬ জানুয়ারি) দিবাগত রাতে রামপুর জোড়াপোল এলাকায় এই মর্মান্তিক ঘটনা ঘটে।

নিহত সুদেব হালদার উপজেলার বেতরা গ্রামের সুব্রত হালদারের ছেলে। তিনি স্থানীয় বাউকাঠি বাজারে একটি মোবাইলের দোকান চালাতেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, প্রতিদিনের মতো সোমবার রাত ১২টার দিকে সুদেব তার মোবাইলের দোকান বন্ধ করে বাড়ি ফেরার পথে দুর্বৃত্তদের হামলার শিকার হন। তাকে এলোপাতাড়ি কুপিয়ে রেখে পালিয়ে যায় হামলাকারীরা। মঙ্গলবার সকালে এলাকাবাসী রাস্তার পাশে তার মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয়।

ঘটনাস্থলে পৌঁছে ঝালকাঠি সদর থানার পুলিশ মরদেহ উদ্ধার করে। সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান জানিয়েছেন, মাথায় গুরুতর কুপের আঘাত রয়েছে। প্রাথমিকভাবে এটি একটি হত্যাকাণ্ড বলে ধারণা করা হচ্ছে। মরদেহটি সুরতহাল প্রতিবেদন তৈরির পর ময়নাতদন্তের জন্য ঝালকাঠি সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ

[redacted]

[redacted]:
[redacted]